# টিএমএসএস
## নিয়োগ বিজ্ঞপ্তি

MRA সনদ নং-০০৭০৪-০০৪৭০-০০১০৫

টিএমএসএস জাতীয় পর্যায়ের একটি বেসরকারী উন্নয়ন সংস্থা। অত্র সংস্থার অডিট এ্যান্ড কমপ্লাইন্স বিভাগের নিম্ন বর্ণিত পদে জনবল নিয়োগের উদ্দেশ্যে উপযুক্ত প্রার্থীদের নিকট থেকে শর্তপূরণ সাপেক্ষে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম ও সংখ্যা | শিক্ষাগতযোগ্যতা, বয়স, অভিজ্ঞতা ও কর্মস্থল | বেতন-ভাতা |
|---|---|---|---|
| ০১ | সহকারী পরিচালক (অডিট) পদ সংখ্যা-০৪ টি | স্নাতক/সমমান; তবে স্নাতকোত্তর ডিগ্রীধারীদের অগ্রাধিকার দেওয়া হবে। যে কোন মাইক্রোফাইন্যান্স প্রতিষ্ঠানে অডিট ও মনিটরিং কাজে ন্যূনতম ০৫ (পাঁচ) বছরের কর্ম অভিজ্ঞতাসহ মাইক্রোক্রেডিট, হিসাব সংক্রান্ত সফটওয়্যার ব্যবহার এবং কম্পিউটার চালনায় বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। বয়সঃ সর্বোচ্চ ৪০ বছর। কর্মস্থলঃ ঢাকা। | SR-TMSS-০৭নং স্তর অনুযায়ী সর্বসাকুল্যে ৩৭,২৯০/- টাকা এবং শিক্ষানবিশকালে ২৯,৭০০/- ও তৎসহ সংস্থার চাকুরি বিধি অনুসারে সকল ভাতা ও সুবিধাদি প্রদান করা হবে। |
| ০২ | জুনিয়র এরিয়া ম্যানেজার (অডিট) পদ সংখ্যা-৪৮ টি। | স্নাতক/সমমান; তবে স্নাতকোত্তর ডিগ্রীধারীদের অগ্রাধিকার দেওয়া হবে। সুপ্রতিষ্ঠিত কোন মাইক্রোফাইন্যান্স প্রতিষ্ঠানে অডিট/মনিটরিং কাজে ন্যূনতম ০২ (দুই) বছরের বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন হতে হবে। বয়সঃ সর্বোচ্চ ৪০ বছর। কর্মস্থলঃ বাংলাদেশের যে কোন প্রান্তে অবস্থান করে সংস্থার শিক্ষা, স্বাস্থ্য, ঋণ কর্মসূচী, বিভিন্ন প্রোগ্রামসহ অন্যান্য কার্যক্রম অডিট করতে হবে। | SR-TMSS-১২নং স্তর অনুযায়ী সর্বসাকুল্যে ১৪,৭০০/- টাকা এবং শিক্ষানবিশকালে ১১,২৫০/- ও তৎসহ সংস্থার চাকুরি বিধি অনুসারে সকল ভাতা ও সুবিধাদি প্রদান করা হবে। |
| ০৩ | জুনিয়র এরিয়া ম্যানেজার অফিস সহকারী (অডিট) পদ সংখ্যা-০২ টি। | স্নাতক/সমমান; তবে স্নাতকোত্তর ডিগ্রীধারীদের অগ্রাধিকার দেওয়া হবে। যে কোন প্রতিষ্ঠানে অফিস সহকারী হিসেবে ন্যূনতম ০২ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। বয়সঃ সর্বোচ্চ ৩৫ বছর। কর্মস্থল : ঢাকা। | SR-TMSS-১২নং স্তর অনুযায়ী সর্বসাকুল্যে ১৪,৭০০/- টাকা এবং শিক্ষানবিশকালে ১১,২৫০/- ও তৎসহ সংস্থার চাকুরি বিধি অনুসারে সকল ভাতা ও সুবিধাদি প্রদান করা হবে। |
| ০৪ | সিনিয়র ব্রাঞ্চ ম্যানেজার(অডিট) পদ সংখ্যা-৪৮ জন। | স্নাতক/সমমান; তবে স্নাতকোত্তর ডিগ্রীধারীদের অগ্রাধিকার দেওয়া হবে। সুপ্রতিষ্ঠিত কোন মাইক্রোফাইন্যান্স প্রতিষ্ঠানে অডিট, মনিটরিং কাজে ন্যূনতম ০২ (দুই) বছরের বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন হতে হবে। বয়সঃ সর্বোচ্চ ৪০ বছর। কর্মস্থলঃ বাংলাদেশের যে কোন প্রান্তে অবস্থান করে সংস্থার শিক্ষা, স্বাস্থ্য, ঋণ কর্মসূচী, বিভিন্ন প্রোগ্রামসহ অন্যান্য কার্যক্রম অডিট করতে হবে। | SR-TMSS-১৫নং স্তর অনুযায়ী সর্বসাকুল্যে ১৩,৩২৮/- টাকা এবং শিক্ষানবিশকালে ১০,২০০/- ও তৎসহ সংস্থার চাকুরি বিধি অনুসারে সকল ভাতা ও সুবিধাদি প্রদান করা হবে। |
| ০৫ | কম্পিউটার অপারেটর পদ সংখ্যা-০৩ জন। | স্নাতক/সমমান; তবে স্নাতকোত্তর ডিগ্রীধারীদের অগ্রাধিকার দেওয়া হবে এবং ন্যূনতম ০৬ মাস মেয়াদী কম্পিউটার প্রশিক্ষণ থাকতে হবে। কম্পিউটার চালনায় এমএস ওয়ার্ড, এক্সেল ও ইন্টারনেট ব্রাউজিং কাজে দক্ষতাসহ টাইপিং স্পিড ইংরেজীতে ৪০ এবং বাংলায় ৩০ থাকতে হবে। বয়সঃ ১৮-৩৫ বছর। কর্মস্থল : ঢাকা। | SR-TMSS-১৭নং স্তর অনুযায়ী সর্বসাকুল্যে ১১,৭৬০/- টাকা এবং শিক্ষানবিশকালে ৯,০০০/- ও তৎসহ সংস্থার চাকুরি বিধি অনুসারে সকল ভাতা ও সুবিধাদি প্রদান করা হবে। |

**শর্তাবলী:**

১। আগ্রহী প্রার্থীগণকে সদ্য তোলা ০৩ (তিন) কপি রঙিন পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, সকল শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতার সনদপত্র, জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত অনুলিপি, মোবাইল নম্বর ও ই-মেইল এ্যাড্রেস সম্বলিত পূর্ণাঙ্গ জীবন বৃত্তান্তসহ আবেদন পরিচালক (এইচআর-এম এ্যান্ড এ্যাডমিন) বরাবর করতে হবে এবং বর্ণিত ঠিকানায় আবেদন ০৫/০৭/২০২২ইং তারিখের মধ্যে পৌঁছাতে হবে। বাংলাদেশের সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। তবে খামের উপর পদের নাম স্পষ্ট অক্ষরে উল্লেখপূর্বক নিম্নে বর্ণিত যে কোন ঠিকানায় আবেদনপত্র প্রেরণ করতে হবে।

- টিএমএসএস ফাউন্ডেশন অফিস, ঠেঙ্গামারা, রংপুর রোড, বগুড়া-৫৮০০।
- টিএমএসএস প্রধান কার্যালয়, টিএমএসএস ভবন, ৬৩১/৫, পশ্চিম কাজীপাড়া, মিরপুর-১০, ঢাকা-১২১৬।

২। নির্বাচনী পরীক্ষার ফি বাবদ সকল পদের জন্য ২০০/- টাকার মানি রশিদ/পে-অর্ডার(অফেরৎযোগ্য) আবেদনের সাথে সংযুক্ত করতে হবে। নির্বাচনী পরীক্ষার ফি প্রদানের প্রক্রিয়া নিম্নরূপ :

- সংস্থার যে কোন শাখা, অঞ্চল, জোন, ডোমেইন অফিস, ফাউন্ডেশন অফিস ও প্রধান কার্যালয় হতে ১০/- টাকা সার্ভিস চার্জ দিয়ে পরীক্ষার ফি বাবদ মানি রশিদ সংগ্রহ করতে হবে। অথবা
- যে কোন তফসীলভুক্ত ব্যাংক হতে শুধুমাত্র "টিএমএসএস" শিরোনামে পে-অর্ডার করতে হবে, অন্যথায় আবেদন বাতিল বলে গণ্য হবে।

৩। সংস্থার বিধি অনুসারে ০৩টি উৎসব ভাতা, সিটি কর্পোরেশনের ক্ষেত্রে সিটি ভাতা, জীবন বীমা ও অন্যান্য সুযোগ-সুবিধাসহ স্টাফ প্রিভিলেজ প্রদান করা হবে।

৪। নির্বাচনী পরীক্ষার তারিখ, সময় ও স্থান পরবর্তীতে SMS/মোবাইল ফোনের মাধ্যমে জানানো হবে এবং নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের সময় শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার মূল সনদপত্র সঙ্গে আনতে হবে।

৫। নির্বাচিত প্রার্থীদেরকে যোগদানের সময় সংস্থা কর্তৃক নির্ধারিত পরিমাণ জামানত (লভ্যাংশসহ ফেরতযোগ্য) প্রদান করতে হবে।

৬। ইতিপূর্বে যারা টিএমএসএস-এর চাকুরি হতে অব্যাহতি দিয়েছেন আবেদন করার ক্ষেত্রে তাদেরকে টিএমএসএস এর কর্ম অভিজ্ঞতা অবশ্যই উল্লেখ করতে হবে। তবে টিএমএসএস কর্তৃক চাকুরিচ্যুত কর্মী আবেদন করতে পারবেন না।

৭। নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

৮। কর্তৃপক্ষ কোন কারণ বা ব্যাখ্যা ছাড়াই আবেদনপত্র বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

**বিঃ দ্রঃ টিএমএসএস নিজস্ব অফিস ব্যতীত অন্য কোন মাধ্যমে (বিকাশ, রকেট ও নগদ ইত্যাদি) আর্থিক লেনদেন করেনা। নিয়োগ প্রত্যাশী প্রার্থী থেকে কোন প্রতারক চক্র টাকা দাবী করলে না দেওয়ার জন্য সংস্থা থেকে অনুরোধ করা হ'ল।**

পরিচালক
(এইচআর-এম এ্যান্ড এ্যাডমিন)

ফোন: ০৫১-৬৫৭১৯, ০২-৫৮৯৯০৪৪৭৭ Web: www.tmss-bd.org